Terre des Hommes Netherlands

# বাবা-মা এবং অন্যান্য যত্নশীলদের জন্য পরামর্শ

## এসম্পর্কে কথা বলো!

**আপনার সন্তানের সাথে অনলাইন নিরাপত্তা নিয়ে কথা বলা ঠিক ততটাই গুরুত্বপূর্ণ, যতটা তাদের অফলাইনের জগতে নিরাপদ থাকার বিষয়ে আলোচনা করা হয়। আমরা আমাদের সন্তানদের রাস্তা পার হওয়ার সঠিক নিয়ম শেখাই বা অপরিচিত কারও সাথে না যাওয়ার পরামর্শ দিই, ঠিক তেমনি তাদের অনলাইন জগত নিয়েও কথা বলা দরকার এবং কীভাবে এটি ব্যবহার করতে হয়, সে সম্পর্কেও শেখানো জরুরি।**

## বাচ্চাদের সাথে কথা বলার টিপস
## শিশুদের সাথে কথা বলার জন্য পরামর্শ

- কোন সংবাদ প্রতিবেদন, টিভির বিষয়বস্তু বা অন্য কোন উদাহরণ ব্যবহার করে আলোচনা শুরু করুন। উদাহরণস্বরূপ জিজ্ঞাসা করতে পারেন: "তুমি কখনো স্কুলে তোমার কোন বন্ধুর সাথে এমন কিছু ঘটতে দেখেছো বা নিজে এমন কিছু অনুভব করেছো?"

- আপনার সন্তানকে তাদের নিজস্ব সীমানা নির্ধারণ ও সম্মান করার শিক্ষা দিন এবং ব্যাখ্যা করে বুঝান যে, এই সীমারেখা সবার জন্য একই রকম না-ও হতে পারে। স্পষ্ট উদাহরণ দিন- কোন কোন বিষয়গুলিকে সীমালঙ্ঘন হিসেবে ধরা যেতে পারে, এবং কীভাবে তারা ইঙ্গিত দিতে পারে যে তাদের সীমানা (প্রায়) অতিক্রম করা হচ্ছে।

- আপনার সন্তানের সাথে যখন কোনও দৈনন্দিন কাজে ব্যস্ত থাকেন- যেমন স্কুলে নিয়ে যাচ্ছেন বা একসঙ্গে খেতে বসেছেন, -তখন বিষয়টা তুলুন। অনেক সময় সেই মুহূর্তে কথা বলাটা বেশি স্বাভাবিক ও স্বচ্ছন্দ লাগে।

- ব্যাখ্যা করুন যে, অনেক সময় কোন ছবি অনুমতি ছাড়াই ফরওয়ার্ড করা যেতে পারে। এটি ছবিতে থাকা ব্যক্তির জন্য খুবই ক্ষতিকর হতে পারে। আপনার সন্তানকে বুঝিয়ে বলুন যে, নিজের ব্যক্তিগত ছবি অথবা অন্য কারো ছবি শেয়ার করার সময় সতর্ক থাকা কতটা গুরুত্বপূর্ণ।

আপনার সন্তানের অনলাইন কার্যকলাপ সম্পর্কে জানাতে আপনার আরও সাহায্যের প্রয়োজন? আরও জানতে আমাদের ওয়েবপেজ **https://int.terredeshommes.nl/also-online** -এ ভিজিট করুন।

**এমনকি অনলাইনেও**